आज़ादी का अमृत महोत्सव

GOVERNMENT OF INDIA
MINISTRY OF
PARLIAMENTARY AFFAIRS

Azadi Ka Amrit Mahotsav

PREAMBLE TO THE CONSTITUTION

# প্রস্তাবনা

আমরা ভারতের জনগণ ভারতকে একটি [সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক সাধারণতন্ত্র] রূপে গড়িয়া তুলিতে, এবং উহার সকল নাগরিক যাহাতে:

সামাজিক, আর্থনীতিক এবং রাজনৈতিক ন্যায়বিচার;

চিন্তার, অভিব্যক্তির, বিশ্বাসের, ধর্মের ও উপাসনার স্বাধীনতা;

প্রতিষ্ঠা ও সুযোগের সমতা

নিশ্চিতভাবে লাভ করেন;

এবং তাঁহাদের সকলের মধ্যে

ব্যক্তি-মর্যাদা ও [জাতীয় ঐক্য ও সংহতি]র আশ্বাসক ভ্রাতৃভাব প্রোন্নত হয়;

তজ্জন্য সত্যনিষ্ঠার সহিত সংকল্প করিয়া আমাদের সংবিধান সভায় অদ্য, ২৬শে নভেম্বর, ১৯৪৯ তারিখে, এতদ্দ্বারা এই সংবিধান গ্রহণ করিতেছি, বিধিবদ্ধ করিতেছি এবং আমাদিগকে অর্পণ করিতেছি।